# ALL INDIA RADIO

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## MORNING NEWS BULLETIN

## BENGALI

**6 FEBRUARY 2025** **7:35 AM IST**

==========================================================================

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে দেশের উত্তর-পূর্বাঞ্চল এখন উন্নয়নের পথে এগিয়ে যাচ্ছে এবং গত দশ বছরে ত্রিপুরায় শান্তি প্রতিষ্ঠার লক্ষ্যে তিনটি গুরুত্বপূর্ন চুক্তি সাক্ষরিত হয়েছে । গতকাল ভিডিও কনফারেন্সের মাধ্যমে ত্রিপুরা সরকারের দু হাজার ৮শ চাকুরী প্রার্থীর হাতে নিয়োগ পত্র তুলে দিয়ে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ এই মন্তব্য করেছেন । শ্রী শাহ বলেন যে ত্রিপুরা সরকার সম্পূর্ন স্বচ্ছতা বজায় রেখে চাকুরী প্রদান করেছেন যেখানে কোন ধরনের বৈষম্য , সুপারিশ বা দূর্নীতির সুযোগ নেই । স্বরাষ্ট্রমন্ত্রী শ্রী শাহ বলেন যে ত্রিপুরা এখন প্রতিবন্ধকতার পরিবর্তে গতি ও কল্যানের পথে এগিয়ে যাচ্ছে ।

---

আসাম পৌরনিগম কর্মচারী প্রাদেশিকীকরণ বিল ২০২৫ এ অনুমোদন জানানো হয়েছে । এখন এই বিল বিধানসভায় পেশ করা হবে । গতকাল দিশপুর জনতা ভবনে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্ব শর্মার পৌরহিত্যে আয়োজিত আসাম মন্ত্রীসভার এক বৈঠক এই বিলের মাধ্যমে রাজ্যের ৭১ টি পৌরসভার ২০১৩ সালের চৌঠা সেপ্টেম্বরের আগে থেকে কর্মরত এক হাজার ৪৬ জন কর্মীর চাকুরী প্রাদেশিকীকরণ করার সিদ্ধান্ত হয়েছে । মন্ত্রীসভার বৈঠকের পর সাংনবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে জনস্বাস্থ্য ও কারিগরি বিভাগের মন্ত্রী জয়ন্ত মল্ল বরুয়া একথা জানান । মন্ত্রীসভার বৈঠকে আসামে মূল্য সংযোজিত কর কাঠামো অধিক শৃংখলিত করার জন্যও সিদ্ধান্ত গ্রহণ করা হয় ।

---

রাজ্যের শিক্ষামন্ত্রী ড.রণোজ পেগু বরাক উপত্যকা সফরের শেষ দিন আজ শিলচরে বিভিন্ন কার্য্যসূচীতে অংশ নেবেন । শিক্ষামন্ত্রী আজ কাছাড় জেলায় অনুষ্ঠিত গুণোৎসব কার্যসূচীর অংশ হিসেবে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন করবেন । আজ শিক্ষামন্ত্রী ডক্টর পেগুর শিলচর নরসিং উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় , মেহেরপুরের অরুন কুমার চন্দ প্রাথমিক বিদ্যালয় এবং ভরাখাই হাইস্কুল পরিদর্শন করার কথা রয়েছে । দুপুরে শিক্ষামন্ত্রী কাছাড় জেলার অন্যান্য নির্ধারিত কার্যসূচীতে অংশ নিয়ে সন্ধ্যায় ডিমা হাসাও জেলার উদ্দেশ্যে যাত্রা করবেন ।

---

রাজ্যের শিক্ষামন্ত্রী ডক্টর রণোজ পেগু গতকাল হাইলাকান্দি জেলায় শিক্ষা বিভাগের শীর্ষ আধিকারীকদের সঙ্গে একটি পর্য্যালোচনা বৈঠকে মিলিত হয়ে উন্নতমানের শিক্ষার জন্য একটি ডিজিটেল ফর্মের ডিভাইসে অভিজ্ঞ শিক্ষকদের পাঠদান সংরক্ষিত থাকবে বলে জানান । এধরনের ডিভাইসগুলি ব্যবহারের ফলে কোন নির্দিষ্ট বিষয়ের শিক্ষক বিদ্যালয়ে অনুপস্থিত থাকলেও ছাত্রদের পাঠদান ব্যহত হবে না বলে শিক্ষামন্ত্রী জানিয়েছেন । এই স্মার্ট ক্লাসগুলির পরিচালনা দিশপুর থেকে করা হবে । পাশাপাশি জেলা স্তরেও মনিটরিং এর ব্যবস্থা করতে শিক্ষামন্ত্রী পরামর্শ দিয়েছেন । বিদ্যালয় সংযুক্তিকরন সর্ম্পকে শিক্ষামন্ত্রী জানান যে কম শিক্ষার্থী থাকা বিদ্যলায়গুলিকে পার্শ্ববর্তী বেশি শিক্ষার্থী থাকা বিদ্যালয়ের সঙ্গে সংযুক্তিকরন করার নীতি গ্রহন করা হয়েছে । বৈঠকে বিধায়ক জাকির হোসেন , জেলা আয়ুক্ত নির্সাগ হিভারে গৌতম, পুলিশ সুপার লীনা দোলে সহ শিক্ষা বিভাগের আধিকারীকরা অংশগ্রহন করেন ।

---

কাছাড়ের জেলা আয়ুক্ত মৃদুল যাদব গুনোৎসবে গতকাল শিলচর দূর্গাশংকর পাঠশালায় বর্হি মূল্যায়ক হিসেবে অংশ নিয়ে বিদ্যালয়ের পরিকাঠামো ও শিক্ষার মান পর্য্যালোচনা করেন । জেলা আয়ুক্ত শ্রী যাদব বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের সঙ্গে মত বিনিময় করেন ।

শিক্ষার গুরুত্ব তুলে ধরে জেলা আয়ুক্ত বলেন যে শিক্ষা শুধুমাত্র নম্বর অর্জনের জন্য নয় , এটি কৌতহল ।সমালোচনামূলক চিন্তা শক্তি এবং দায়িত্ববোধ গঠনের মাধ্যম ।

---

আসাম রাজ্য বিদ্যালয় পর্ষদ উচ্চতর মাধ্যমিক প্রথম বর্ষের পরীক্ষার প্র- পত্র পূরণের জন্য আজ ও আগামীকাল  পোর্টাল পুনরায় খুলবে বলে জানিয়েছে । এসম্পর্কে পর্ষদের সচিব সংশ্লিষ্ট সব শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানকে  আগামীকাল  বিকেল ৫ টা পর্যন্ত শিক্ষার্থীদের অনলাইন প্র - পত্র পূরণ প্রক্রিয়া সম্পূর্ন করতে নির্দেশ দিয়েছেন । সময় শেষ হয়ে যাওয়ার পর অনলাইনে প্র-পত্র পূরণের সময়সীমা আর বৃদ্ধি করা হবে না বলে পর্ষদ থেকে স্পষ্ট করে জানিয়ে দেওয়া হয়েছে ।

---

হাইলাকান্দি জেলা স্তরের বরদলৈ ট্রফি ফুটবল প্রতিযোগিতায় বুধবার এক অভিযোগ সামনে এসেছে। আকাশবাণী সংবাদদাতা নীলোৎপল দেব জানিয়েছেন যে -- সেমিফাইনালে ওঠার পরও দল নামাতে রাজি হয়নি ভাটিরকুপা এফসি। জেলা ক্রীড়া সংস্থাকে চিঠি পাঠিয়ে তারা জানান যে মাঠে দল নামাতে অক্ষম ভাটিরকুপা। প্রতিযোগিতার প্রথম সেমিফাইনালে তাই ওয়াকওভার পায় আলগাপুর ফুটবল ক্লাব।

কিন্তু গতকাল ভাটিরকুপার  কয়েকজন খেলোয়াড় জেলা ক্রীড়া সংস্থাকে চিঠি দিয়ে অভিযোগ করেন যে, তাদের ম্যানেজার ইচ্ছাকৃতভাবে দলকে মাঠে নামতে দেননি। বিষয়টি নিয়ে হাইলাকান্দি জেলা ক্রীড়া সংস্থা আজ একটি জরুরি সভার আয়োজন করেছে।

---

উত্তরাখন্ডের দেরাদূনে অনুষ্ঠিত  ৩৮ তম জাতীয় ক্রীড়া উৎসবের  নবম দিন লন বল প্রতিযোগীতায় আসামের সুরঞ্জনা বরুয়া রূপোর পদক অর্জন করেছেন । সুরঞ্জনা বরুয়া কেরিয়ারের প্রথম জাতীয় ক্রীড়ায় পদক অর্জন করতে সক্ষম হয়েছেন । জাতীয় ক্রীড়া উৎসবে আসামের চারজন বক্সার নিজ নিজ ইভেন্টে সেমি-ফাইনালে প্রবেশ করেছে । এরমধ্যে তারকা বক্সার শিব থাপা , লাভলীনা বরগোঁহাই ,অঙ্কুশিতা বড়ো এবং আইকন মিলি রয়েছেন ।

---

পূর্ত বিভাগের শিলচর সড়ক ডিভিশনের কার্যবাহী বাস্তুকার এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে শিলচর- হাইলাকান্দি রোডের একটি গুরুত্বপূর্ন লেন গতকাল থেকে আগামী ২০ শে মার্চ পর্যন্ত সাময়িকভাবে বন্ধ থাকবে । চিত্তরঞ্জন এভিনিউ পয়েন্ট  এবং শনি মন্দিরের মধ্যে চার মিটার বাই চার মিটার বক্স সেল আর সি সি  কালভার্ট নির্মাণের জন্য  শিলচর- হাইলাকান্দি রোডের ডান দিকের লেন দিয়ে সবধরণের যানবাহন চলাচল বন্ধ থাকবে । নির্মাণ কাজ চলাকালীন উভয় দিক থেকে আসা যানবাহনগুলিকে সংশ্লিষ্ট স্থানে অবশিষ্ট লেন ব্যবহার করে চলাচল করতে বিজ্ঞপ্তিতে বলা হয়েছে ।

---